গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট-এর কার্যালয়

পাবনা।

স্মারক নং-জে/এম/পাব-২৩০৭ তারিখ : ২৬.০৯.২০২৩

# নিয়োগ বিজ্ঞপ্তি

চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, পাবনা-এ নিম্নবর্ণিত শূন্যপদে অস্থায়ী ভিত্তিতে সরাসরি নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী স্থায়ী নাগরিকদের নিকট হতে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে :

| ক্রঃ নং | পদের নাম ও বেতন স্কেল | পদের সংখ্যা | প্রয়োজনীয় যোগ্যতা |
|---|---|---|---|
| ০১ | লাইব্রেরী সহকারী (ক্যাটালগার)<br>টাকা ১১০০০-২৬৫৯০ (গ্রেড-১৩) | ০১ (এক) টি | যে কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রিসহ গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমাপ্রাপ্ত হতে হবে। কম্পিউটার পারদর্শী ব্যক্তিগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০২ | সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর<br>টাকা ১০২০০-২৪৬৮০ (গ্রেড-১৪) | ০১ (এক) টি | (ক) কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যূনতম দ্বিতীয় শ্রেণী বা সমমানের সিজিপিএ-তে স্নাতক বা সমমানের ডিগ্রি;<br>(খ) কম্পিউটার প্রশিক্ষণপ্রাপ্ত এবং (গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৭০ (সত্তর) শব্দ এবং বাংলায়ে ৪৫ (পঁয়তাল্লিশ) শব্দ; কম্পিউটার মুদ্রাক্ষরে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজীতে ৩০ (ত্রিশ) শব্দ এবং বাংলায় ২৫ (পঁচিশ) শব্দ। |
| ০৩ | বেঞ্চ সহকারী<br>টাকা ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ০১ (এক) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি, কম্পিউটারে পারদর্শী ব্যক্তিগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৪ | স্টোর কিপার<br>টাকা ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ০১ (এক) টি | কোন স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ, কম্পিউটারে পারদর্শীদের অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৫ | ডেসপাচ সহকারী<br>টাকা ৯৩০০-২২৪৯০ (গ্রেড-১৬) | ০১ (এক) টি | কোন স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক বা সমমানের ডিগ্রি, কম্পিউটারে পারদর্শী ব্যক্তিগণকে অগ্রাধিকার প্রদান করা হবে। |
| ০৬ | প্রসেস সার্ভার<br>টাকা ৮৫০০-২০৫৭০ (গ্রেড-১৯) | ০৬ (ছয়) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৭ | ফরাস/পরিচ্ছন্নতাকর্মী<br>টাকা ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ০১ (এক) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৮ | অফিস সহায়ক<br>টাকা ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ০৬ (ছয়) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ০৯ | নৈশ প্রহরী/নিরাপত্তা প্রহরী<br>টাকা ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ০২ (দুই) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |
| ১০ | মালী<br>টাকা ৮২৫০-২০০১০ (গ্রেড-২০) | ০১ (এক) টি | কোন স্বীকৃত বোর্ড হতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ। |

**শর্তাবলী :**

ক) ১৯ অক্টোবর, ২০২৩ খ্রি. তারিখে সাধারণ প্রার্থী, ক্ষুদ্র নৃ-গোষ্ঠী এবং বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যাদের পুত্র-কন্যার ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩০ বছর। বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

খ) খামের উপর পদের নাম উল্লেখপূর্বক আবেদনকারীকে http://pabna.judiciary.gov.bd ওয়েবসাইট হতে নির্ধারিত আবেদন ফরম ডাউনলোড করে স্বহস্তে পুরণপূর্বক চেয়ারম্যান নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি, চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, পাবনা বরাবর আগামী ১৯ অক্টোবর, ২০২৩ খ্রি. তারিখের মধ্যে ডাকযোগে অথবা সরাসরি পৌছাতে হবে। নির্ধারিত ফরম ব্যতীত অন্য কোন প্রকারে পুরণকৃত আবেদন গ্রহণযোগ্য নয়।

গ) প্রার্থীকে আবেদনপত্রের সাথে চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, পাবনা-এর অনুকূলে ট্রেজারি চালানের মাধ্যমে পরীক্ষার ফি বাবদ ১-২১০৮-০০০০-২০৩১ নং কোডে ১ হতে ৫ নং ক্রমিকের জন্য ২০০/- (দুই শত) টাকা এবং ৬ হতে ১০নং ক্রমিকের জন্য ১০০ (এক শত) টাকা জমা প্রদান করে চালানের মুল কপি আবেদনপত্রের সাথে দাখিল করতে হবে। চালান ব্যতীত অন্য কোন জামানত গ্রহণযোগ্য নয়।

ঘ) মৌখিক পরীক্ষার সময় প্রথম শ্রেণীর গেজেটেড সরকারী কর্মকর্তা কর্তৃক সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, জন্ম নিবন্ধন/জাতীয় পরিচয়পত্র, প্রযোজ্য ক্ষেত্রে বীর মুক্তিযোদ্ধা/শহীদ বীর মুক্তিযোদ্ধা এবং শারীরিক প্রতিবন্ধী সংক্রান্ত সনদপত্র, পৌরসভার মেয়র বা ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান বা স্থানীয় কাউন্সিলর কর্তৃক নাগরিকত্ব সনদপত্রের এক সেট ফটোকপিসহ মূল কপি সংগে আনতে হবে।

ঙ) কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি এই নিয়োগ সংক্রান্ত যাবতীয়/ আংশিক কার্যক্রম যেকোন সময় স্থগিত অথবা বাতিল ও বিজ্ঞপ্তি উল্লিখিত পদসংখ্যা হ্রাস বা বৃদ্ধি করার ক্ষমতা সংরক্ষণ করেন।

চ) নিয়োগ বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চুড়ান্ত বলে গণ্য হবে।

ছ) উপযুক্ত প্রার্থীর নাম ও নিয়োগ পরীক্ষার রোল নম্বর সম্বলিত তালিকা http://pabna.judiciary.gov.bd ওয়েবসাইটে এবং চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, পাবনা-এর নোটিশ বোর্ডে প্রকাশ করা হবে। এ ছাড়া প্রত্যেক উপযুক্ত প্রার্থীকে SMS-এর মাধ্যমে নিয়োগ পরীক্ষা সম্পর্কে অবগত করানো হবে।

জ) নিয়োগ প্রক্রিয়া সংক্রান্ত সকল হালনাগাদ তথ্য, পরীক্ষার সময়সূচি, কেন্দ্রের নাম ও বিজ্ঞপ্তি সময়ে সময়ে http://pabna.judiciary.gov.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে। উপযুক্ত প্রার্থীগণ স্ব স্ব প্রবেশপত্র পরবর্তীতে উক্ত ওয়েবসাইটে প্রকাশিত বিজ্ঞপ্তির নির্দেশনা মোতাবেক সংগ্রহ করবেন।

ঝ) চাকুরীতে নিয়োজিত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

ঞ) কোটা ও বয়স সম্পর্কিত সর্বশেষ নীতিমালা এবং নিয়োগ সংক্রান্ত অন্যান্য সরকারী বিধিবিধান যথাযথ অনুসরণ করা হবে।

ট) নির্বাচনী পরীক্ষায় হাজির হওয়ার জন্য প্রার্থীদের কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

ঠ) অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ কিংবা নির্ধারিত সময়ের পরে প্রাপ্ত আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

ড) পরবর্তীতে পত্রের মাধ্যমে যেকোন প্রকার যোগাযোগের জন্য আবেদনকারীর বর্তমান ঠিকানা উল্লেখপূর্বক ১০.৫x৪.৫ ইঞ্চি সাইজের ১০ (দশ) টাকার ডাক টিকিট সম্বলিত অব্যবহৃত ফেরত খাম আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।

ঢ) আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট সাইজের ০২ (দুই) কপি রঙিন ছবি ও চালানের মুল কপি ব্যতীত অন্য কোন কাগজপত্র সংযোজনের প্রয়োজন নেই।

**মোঃ কামাল হোসেন**
চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট
ও
চেয়ারম্যান নিয়োগ সংক্রান্ত বাছাই কমিটি
পাবনা।

জিডি-২৫০৩/০৯/২৩ (১৮"x৩)